কার্যক্রম নিষিদ্ধ আ.লীগসহ সবাইকে আলোচনায় বসার আহ্বান চরমোনাই পীরের



ছবি: সংগৃহীত

দেশের স্বার্থে আওয়ামী লীগসহ সব রাজনৈতিক দলকে একসঙ্গে আলোচনায় বসার আহ্বান জানিয়েছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির ও চরমোনাই পীর মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করিম। তিনি বলেছেন, আওয়ামী লীগ দেশ ও মানুষের কল্যাণে রাজনীতি করে বলে দাবি করলেও দলটির সাম্প্রতিক কর্মকাণ্ডে সেই চিত্র দেখা যাচ্ছে না।

বৃহস্পতিবার (১৯ নভেম্বর) বিকেল ৫টার দিকে ভোলা শহরের একটি রেস্টুরেন্টে ইসলামী যুব আন্দোলন বাংলাদেশের জেলা সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

চরমোনাই পীর বলেন, আওয়ামী লীগের নামে ভাঙচুর, জ্বালাও-পোড়াও, মানুষ হত্যা এবং রাষ্ট্রীয় সম্পদ ও থানায় হামলার ঘটনা ঘটছে। এসব কর্মকাণ্ডকে কোনোভাবেই কল্যাণের রাজনীতি বলা যায় না। বিএনপি, আওয়ামী লীগসহ সব রাজনৈতিক দলের নেতাদের একসঙ্গে বসে দেশের ভবিষ্যৎ নিয়ে আলোচনা করা উচিত। ব্যক্তিস্বার্থ বাদ দিয়ে সবাই মিলে দেশ গড়ার কাজ করতে হবে।

২০২৪ সালের গণঅভ্যুত্থানের প্রসঙ্গ টেনে তিনি বলেন, বৈষম্যহীন ও সুন্দর বাংলাদেশ গড়ার প্রত্যাশায় ছাত্র-জনতা জীবন দিয়েছিল। কিন্তু সেই প্রত্যাশা পূরণ হয়নি। যাদের রাষ্ট্র পরিচালনার দায়িত্ব দেওয়া হয়েছে, তাদের মধ্যে পুরোনো শাসনব্যবস্থারই প্রতিফলন দেখা যাচ্ছে।

বিএনপির উদ্দেশে তিনি বলেন, ক্ষমতায় আসার আগে দেওয়া প্রতিশ্রুতি এবং গণভোটের রায় বাস্তবায়ন করতে হবে। ক্ষমতায় আসার পরও গণভোটের রায় কার্যকর না করার অভিযোগ তুলে তিনি প্রশ্ন করেন, জনগণের রায় বাস্তবায়ন না করে কীভাবে দেশ পরিচালনা করা সম্ভব?